# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ৮. গ্রামবাসী ও আত্মীয়দের অবিশ্বাস!

উপরে আমরা দেখলাম যে, নিজ গ্রামের মানুষদের অবিশ্বাস দেখে যীশু নিজেই আশ্চর্য হলেন। নাসরাত গ্রামবাসীদের অবিশ্বাস বিষয়ে লূক লেখেছেন: ‘‘এই কথা শুনে মজলিস-খানার সমস্ত লোক রেগে আগুন হল। তাঁরা উঠে ঈসাকে গ্রামের বাইরে তাড়িয়ে নিয়ে চলল, আর তাঁকে নীচে ফেলে দেবার জন্য তাদের গ্রামটা যে পাহাড়ের গায়ে ছিল সেই পাহাড়ের চূড়ায় তাঁকে নিয়ে গেল।’’ (লূক ৪/২৮-২৯, মো.-০৬)।

আরো অবিশ্বাস্য যীশুর পরিবারের অবিশ্বাসা। যোহন লেখেছেন, ‘‘কারণ তার ভাইয়েরাও তাঁর উপরে ঈমান আনেনি’’ (যোহন/ ইউহোন্না ৭/৫, মো.-১৩)।

মার্ক লেখেছেন, তাঁর পরিবারের সদস্যরা তাঁকে পাগল মনে করতেন: ‘‘এই কথা শুনে তাঁর আত্মীয়েরা (family) তাঁকে ধরে নিতে আসলেন। কেননা তারা বললো, সে পাগল হয়েছে।’’ (মার্ক ৩/২১-২২, মো.-১৩)

ইঞ্জিলের এ বর্ণনা অবিশ্বাস্য। ইঞ্জিলের বর্ণনায় যীশুর জন্মের আগে থেকেই তাঁর পিতামাতা ও পরিবার তাঁর অলৌকিকত্ব সম্পর্কে ভালভাবে জেনেছেন। তিনি নিজের জীবনের প্রায় ত্রিশটা বছর তাদের মধ্যে কাটিয়েছেন। তারা কিভাবে তাঁকে অবিশ্বাস করলেন? তারা তাঁকে মাসীহ হিসেবে বিশ্বাস না করুন, অন্তত সৎ ও বুদ্ধিমান মানুষ হিসেবে তো বিশ্বাস করবেন? কিন্তু তারা তাঁকে পাগল বলে ধরতে চাচ্ছেন?

গ্যারি ডেভানি (Gary DeVaney) লেখেছেন: “Jesus had been around His relatives for years and He obviously did not sell even them on His perfection. These are two very shocking testimonies! What kind of Biblical C&V testimonies did Jesus Christ's blood relatives give Him? Do you think they could possibly get to Heaven?”

‘‘যীশু নিজ পরিবার-আত্মীয়দের মধ্যে অনেক বছর বসবাস করেছেন। বাহ্যত তিনি তাদের নিকট নিজের শুদ্ধতাও বিক্রয় করতে পারেননি। এখানে অত্যন্ত বেদনাদায়ক দুটা সাক্ষ্য বিদ্যমান! বাইবেলের উদ্ধৃতিতে যীশুর রক্তসম্পর্কীয় আত্মীয়রা তাঁর বিষয়ে কী সাক্ষ্য প্রদান করলেন? আপনি কি মনে করেন যে, তাদের পক্ষে বেহেশতে যাওয়া সম্ভব হবে?’’[1]

## ফুটনোট

[1] New Testament – Jesus; http://www.thegodmurders.com/id134.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14356

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন